



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

জরুরি

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৮-

তারিখঃ ১১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পূর্বানুমোদন ব্যতিত জারীকৃত চলাচল সূচির কেন্দ্র পরিবর্তন না করা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রায়শ বিভিন্ন কেন্দ্রে অপ্রাসংগিক কারণ উল্লেখ করে প্রেরণ কেন্দ্র/প্রাপক কেন্দ্রের গতি পরিবর্তনের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়। এমনকি কোন কোন কার্যালয় থেকে এ ধরনের অনুমোদনের প্রস্তাব দীর্ঘ বিলম্বে প্রেরণ করা হয়। কিন্তু খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ এর ৪.৯ অনুচ্ছেদে বলা হয়েছে “জারীকৃত চলাচল সূচির মালামাল স্থানাভাব, গুদাম মেরামত, নাব্যতা হ্রাস, রাস্তা খারাপ, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারণে নির্ধারিত প্রাপক কেন্দ্রে পৌঁছানো/খালাস সম্ভব না হলে প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রক পরিস্থিতি বিবেচনা করে, সূচি জারীকারী কর্তৃপক্ষের অনুমতিক্রমে, জেলার অন্য খাদ্য গুদামে গতি পরিবর্তন করতে পারবে, অনুরূপ কারণে কেন্দ্রও পরিবর্তন করে সূচির মালামাল প্রেরণ করা যাবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।”

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদন ব্যতিত অত্র দপ্তর হতে জারীকৃত চলাচল সূচির প্রেরণ কেন্দ্র/প্রাপক কেন্দ্র পরিবর্তন না করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।

স্বাঃ

(আব্দুল্লাহ আল মামুন)
অতিরিক্ত পরিচালক (চলাচল)
ফোনঃ ০২-৯৫৫০২৭০

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৮- ১৩৩(৭)/৪

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৪। অফিস কপি।

তারিখঃ ১০/১১/২০১৮ খ্রিঃ

(Handwritten Signature)

অতিরিক্ত পরিচালক (চলাচল)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

(Handwritten Signature)
২০.১১.১৮